

## মৃত্তিকা পাঠ

বৃষ্টি এলো আকাশ জুড়ে তখন  
দখিন দেশের বন্য ভাষা মন  
ও মেয়ে, তুই বাইরে কেন, শোন  
আগুন ভেজে মগ্ন আপনজন।

জল ছড়িয়ে জল সরিয়ে চল  
ঝড় উঠেছে মেঘের কথা বল  
ঘর ভাঙা টান মস্তান চঞ্চল  
আয় পুড়ি আয়, রত্তে রসাতল।

ও মেয়ে, তুই মাতলা নদী হবি  
ডুব দিয়ে ডুব আত্মরঙে ছবি  
মত্ত সাগর উদ্বাহ তোর নবী  
পমোহনা ভূত ভোলানো ভবী।

পাতার পোশাক ছিন্ন স্বপ্ন ওড়ে  
নগ্ন মোহ চারপ্রহরের ঘোরে  
মেয়েরে, তুই ঘুম ভাঙালি ভোরে  
মৃত্তিকা বোল শেখা নতুন করে।

ঋত্বিক ঠাকুর

